



দুর্নীতি, চাঁদাবাজি রোধে দেশকে পুনর্গঠনের ঘোষণা: জামায়াত আমির



জামায়াতে ইসলামির আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়াতের আমির ডা. শফিকুর রহমান বলেছেন, যারা রাজনীতিকে পেশা হিসেবে নিয়েছে, তারাই দুর্নীতি, চাঁদাবাজি ও লুণ্ঠনে লিপ্ত। এ ধরনের মানুষ সাধারণ মানুষের মর্যাদা রক্ষা করতে ব্যর্থ এবং সমাজে অশান্তি সৃষ্টি করছে।

শনিবার (৭ ফেব্রুয়ারি) নিউ ফিল্ড মাঠে নির্বাচনী জনসভায় তিনি বলেন, ক্ষমতায় এলে সংসদ সদস্যরা বিনা ট্যাক্সে গাড়ি নেবেন না। প্রয়োজনে রিক্সায় চলবেন এবং স্বল্পমূল্যে দেওয়া ফ্ল্যাটও কেউ গ্রহণ করবে না; যাদের অর্থের যোগ্যতা আছে, তারা সম্পূর্ণ মূল্য দিয়ে গাড়ি ও ফ্ল্যাট কিনবেন।

ডা. শফিকুর রহমান আরও জানান, নির্বাচিত জনপ্রতিনিধি ও তাদের পরিবারের আয়-ব্যয়ের হিসাব জনগণের সামনে প্রকাশ করা হবে। জনগণের সম্পদে হস্তক্ষেপকারীর বিরুদ্ধে কোনো ছাড় থাকবে না।

তিনি বলেন, দেশের বিভিন্ন স্থানে মায়েদের সাথে যে দুর্ব্যবহার হচ্ছে, তা আর সহ্য করা হবে না। ক্ষমতায় এলে দুর্নীতি ও চাঁদাবাজি বন্ধ করতে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

ডা. শফিকুর রহমান হুঁশিয়ারি দিয়ে বলেন, সম্রাস ও দুর্নীতির দায় যারা আগে শাসন করেছে, তাদের। নির্বাচনের সময় নানা প্রতিশ্রুতি দেয়া হলেও পরে তা ভুলে যাওয়া দেশের জন্য ক্ষতিকর।